

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।  
www.pangsha.rajbari.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে।

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	সময়কাল
১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯/০৩/২০২৩ (রবিবার)
২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২/০৩/২০২৩ (বুধবার)
৩	দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল:

১	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫/০৪/২০২৩ ( বুধবার)
২	মনোনয়নপত্র বাছাই	: ০৯/০৪/২০২৩ (রবিবার)
৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৪	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬/০৪/২০২৩ (রবিবার)
৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭/০৪/২০২৩ (সোমবার)
৭	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮	ভোট গ্রহণের তারিখ	: ১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০টা হইতে বিকাল ০৪:০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে।

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, পাংশা, রাজবাড়ী এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর

মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী  
উপজেলা নির্বাহী অফিসার

ও

রিটার্নিং অফিসার  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
পাংশা, রাজবাড়ী।

নির্বাচনী এলাকার নাম: রাজবাড়ী জেলার পাংশা উপজেলা।